**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**8 November 2025** **7:35 AM**

---

দু দিনের সফরসূচী নিয়ে আসা কেন্দ্রীয় অর্থমন্ত্রী আজ গহপুরে শহীদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয়ের শিলান্যাস করবেন । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেছেন যে শহীদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয় রাজ্য সরকারের একটি অন্যতম বিশেষ প্রকল্প এবং এই বিশ্ববিদ্যালয়টি প্রযুক্তি ভিত্তিক বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের ক্ষেত্রে দেশের প্রথম বিশ্ববিদ্যালয় হবে । এই বিশ্ববিদ্যালয়টিকে সব দিক থেকে একটি প্রথম সারির প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে রাজ্যসরকার পর্যাপ্ত তহবিল প্রদান করবে । এই প্রতিষ্ঠানে কৃত্রিম বুদ্ধিমত্তা , রবটিক সায়েন্স , থ্রী-ডি প্রিন্টিং সহ কয়েকটি নতুন নতুন বিষয় অর্ন্তভুক্ত হবে ।

এদিকে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ গতকাল জাগীরোডের সেমিকন্ডাক্টার প্রকল্পটি পরিদর্শন করেন । আসামের শিল্পক্ষেত্রকে নতুন রূপ দানের মাধ্যমে সমগ্র অঞ্চলের নিয়োগের সুযোগ সৃষ্টি করতে সক্ষম এই প্রকল্পটি স্থাপন করার ক্ষেত্রে সহায়তা করার জন্য মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা কেন্দ্রীয় অর্থমন্ত্রীর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । শ্রীমতি সীতারমণ আসাম এবং সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের স্থানীয় শিল্প উদ্যোগী এবং ছাত্র-ছাত্রীদের সঙ্গে মত বিনিময় করেন ।

এর আগে বরঝার বিমান বন্দরে রাজ্যের অর্থমন্ত্রী অজন্তা নেওয়গ কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে স্বাগত জানান । শ্রীমতী সীতারমণ আজ সন্ধ্যায় গৌহাটি উজান বাজারে ব্রম্মপুত্র রিভার ফ্রন্টের সতী রাধিকা উদ্যান এবং পান বাজারের গেটওয়ে আব গৌহাটির অত্যাধুনিক ফেরী টার্মিনালের উদ্বোধন করেন ।

আগামী জানুয়ারী মাসে গৌহাটী ও উত্তর গৌহাটী সংযোগী সেতুটি জনসাধারণের জন্য খুলে দেওয়া হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ উজানবাজারে ব্রহ্মপুত্র রিভার ফ্রন্টের উদ্বোধন করে একথা বলেন । তিনি বলেন যে সেতুটির নির্মাণ কাজ প্রায় শেষের দিকে । সেতুটি সম্পূর্ন হয়ে উঠলে মহানগরের যোগাযোগ ব্যবস্থা এক অন্য মাত্রা লাভ করবে বলে উল্লেখ করে তিনি বলেন যে ফেব্রুয়ারী মাসের মধ্যে গৌহাটীর সব অর্ধসমাপ্ত প্রকল্পের কাজ সম্পূর্ন হয়ে উঠবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুন দিল্লীতে বন্দে মাতরম সঙ্গীতের দেড়শ বছর পুর্তী উপলক্ষে বছরব্যাপী বিশেষ স্মৃতিচারণ অনুষ্ঠানের শুভারম্ভ করেন । এই উপলক্ষে তিনি একটি ডাক টিকিট এবং মুদ্রারও সূচনা করেন । শ্রী মোদী জনসাধারণ যাতে এই সঙ্গীত পরিবেশন করে আপ-লোড করতে পারেন সেই উদ্দেশ্যে Vandamataram150.in শীর্ষক এইটি পোর্টালের আনুষ্ঠানিক সূচনা করেন । জনসাধারণ এই পোর্টালে বন্দেমাতরম সঙ্গীত পরিবেশন করে আপলোড করার পর প্রমাণপত্র সংগ্রহ করতে পারবেন ।

এই উপলক্ষে গতকাল নতুন দিল্লির ইন্দিরা গান্ধী ইনডোর ষ্টেডিয়ামে আয়োজিত অনুষ্ঠানে অংশ গ্রহণ করে প্রধানমন্ত্রী বলেন যে বন্দে মাতরম হচ্ছে একটি মন্ত্র , একটি শক্তি , একটি স্বপ্ন তথা একটি সংকল্প । তিনি এই সঙ্গীতের প্রসংশা করে বলেন যে এই সঙ্গীত ভারত মাতার প্রতি ভক্তি এবং শ্রদ্ধা প্রদর্শন করে ইতিহাসকে স্মরণ করিয়ে দেয় , বর্তমানকে আত্মবিশ্বাসে ভরিয়ে তুলে এবং ভবিষ্যতের জন্য নতুন শক্তির সঞ্চার করে । তিনি সমবেত কণ্ঠে এই সঙ্গীত পরিবেশন করার প্রশংসা করে হৃদয়স্পর্শী এই অভিজ্ঞতাকে ভাষায় বর্ণনা করা সম্ভব নয় বলে মন্তব্য করেন । তিনি বলেন যে বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় এই সঙ্গীতের মাধ্যমে একটি স্বাধীন , একত্রিত এবং সমৃদ্ধিশালী ভারতের আহ্বান করেছিলেন ।

বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়ের আনন্দমঠ গ্রন্থের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর এই গ্রন্থকে শুধুমাত্র একটি উপন্যাস নয় এটি একটি স্বাধীন ভারতের স্বপ্ন বলে উল্লেখ করেছিলেন । এই উপন্যাসের প্রত্যেকটি শব্দই গভীর অর্থ বহণ করে । প্রধানমন্ত্রী বন্দে মাতরম সঙ্গীতটি প্রত্যাক যুগেই প্রাসঙ্গিক বলে উল্লেখ করেন ।

---

বন্দে মাতরম সংগীতের সার্ধশতবর্ষ উপলক্ষে **গতকাল** গৌহাটির জনতা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সমবেত সংগীত পরিবেশনে অংশ গ্রহণ করেন । অনুষ্ঠানে ভাষন প্রসংগে মুখ্যমন্ত্রী বলেন যে এই সংগীতের দেড়শ বছর উদযাপনের দিনটি খুবই গৌরবের এবং কৃতজ্ঞতার দিন ।

মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন যে ১৮৯৬ সালে কোলকাতায় অনুষ্ঠিত ভারতীয় জাতীয় কংগ্রেসের অধিবেশনে যেদিন রবীন্দ্রনাথ ঠাকুর প্রথম এই সংগীতটি গেয়েছিলেন সেদিন ই উপস্থিত সকলের হ্রূদয় শ্রদ্ধা ও ভক্তিতে ভরে উঠেছিল ।মুখ্যমন্ত্রী বলেন আজকের এই দিনটি শুধু অতীতের স্মৃতি রোমন্থনের জন্য নয় তিনি আসামকে একটি শক্তিশালী , স্বাবলম্বী ও প্রগতিশীল রাজ্য হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে পুনরায় এক সংকল্পবদ্ধ হোয়ার দিন ।

প্রধানমন্ত্রী শক্তি উৎপাদনের ক্ষেত্রে স্বাবলম্বিতার আহ্বান জানিয়েছেন বলে উল্লেখ করে ড: শর্মা বলেন যে প্রায় ৫ হাজার মেগাওয়াট শক্তি উৎপাদন করার জন্য আজ রাজ্য দ্রুতগতিতে এগিয়ে চলেছে । ৫ গিগাওয়াট শক্তি উৎপাদন করতে পারলে আসাম শক্তির ক্ষেত্রে স্বদেশী হতে সক্ষম হবে বলে তিনি মন্তব্য করেন । তিনি বলেন যে এছাড়া আসাম কৃষি , উদ্যান শস্য , সুক্ষ ও ক্ষুদ্র শিল্পে আত্মনির্ভরশীলতার ক্ষেত্রে ও দ্রুতভাবে অগ্রসর হচ্ছে ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও **গতকাল** বন্দে মাতরম সঙ্গীতের দেড়শ বছর পূর্তি উদযাপন করা হয়। বন্দে মাতরম সংগীতের দেড়শ বছর পূর্তি উপলক্ষে কাছাড় জেলার সব বিদ্যালয় , সরকারি বিভিন্ন বিভাগ ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে **গতকাল** সমেবেতভাবে এই সংগীত পরিবেশিত হয় । কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে মূল অনুষ্ঠান আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজন করা হয় । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই । এছাড়া বিধায়ক নিহাররঞ্জন দাস , জেলা আয়ুক্ত মৃদুল যাদব সহ প্রশাসনিক আধিকারিক ও কর্মচারীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । কৌশিক রাই অনুষ্ঠানে তার ভাষনে বলেন বন্দে মাতরম শুধু একটি গান নয় এটি সমগ্র ভারতবর্ষের আত্মার হ্রূদস্পন্দন । মন্ত্রী এই গানের ঐতিহাসিক যাত্রাপথের প্রসংগে বলেন যে বন্দে মাতরমের পথচলা ভারতীয় গনতন্ত্রের বিকাশে সাক্ষী যেখানে মতের ভিন্নতা থাকলে ও অনুভুতির ঐক্য অটুট ।

---

কাছাড় জেলা রুদ্রপাল সমিতির এক সভা আগামীকাল সকাল সাড়ে দশটায় অরুনাচল শ্রী জগন্নাথ আশ্রম মন্ডপে অনুষ্ঠিত হবে । এতে জেলা কমিটি পূর্নগঠন সহ অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করা হবে ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে লৌহ মানব সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্ম জয়ন্তীর সঙ্গে সঙ্গতি রেখে আগামীকাল শ্রীভূমি জেলায়ও একতা পদযাত্রার আয়োজন করা হয়েছে । এউপলক্ষ্যে আগামীকাল সকাল ৮টায় জেলা পর্য্যায়ের একতা পদযাত্রা নীলমণি রোডের সিনিয়র সেকেন্ডারী স্কুল প্রাঙ্গন থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে করিমগঞ্জ কলেজের খেলার মাঠে এসে শেষ হবে । জেলা প্রশাসন থেকে এই পদযাত্রায় সর্বস্তরের জনগনকে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---